অতিরিক্ত টমেটো বিক্রি করে আর্থিকভাবে লাভবান হচ্ছে। লেখাপড়ার পাশাপাশি সে এটি খুব সুন্দরভাবে করতে পারছে, পড়ালেখার ক্ষতি না করেই। সে তার বই-খাতা কেনা, হাত খরচের জন্য প্রয়োজনীয় অর্থ টমেটো বিক্রি করে মেটাতে পারছে। শুধু তাই নয় তার সাফল্যে তার সহপাঠীরাও এ কাজে নেমে পড়েছে। ফলে তারাও তাদের পরিবারের পুষ্টির চাহিদা পূরণের পাশাপাশি আর্থিকভাবে লাভবান হবে। তাই বলা যায় তুলির সাফল্যে তার সহপাঠীরাও সবজি উৎপাদনে উদ্বুদ্ধ হলো।

প্রশ্ন- ২ >> লাল শাক উৎপাদন পদ্ধতি

আজাদ সাহেব তার ৪ শতক জমিতে লালশাক চাষ করেছেন। জমি চাষ করে বীজ বপন করেন। বাজার থেকে ইচ্ছেমতো দু-এক ধরনের সার কিনে প্রয়োগ করেন। আশানুরূপ ফলন না পাওয়ায় তিনি কৃষি কর্মকর্তার পরামর্শ নেন। কর্মকর্তা তাকে কোন সার কী পরিমাণে কখন ব্যবহার করতে হবে তা বলে দিলেন। এক ধরনের সার চারা গজানোর ৭ দিন পর উপরি প্রয়োগ করতে বললেন।

- ক. আন্তঃপরিচর্যা কাকে বলে? ১
খ. লালশাকের একটি জাতের বৈশিষ্ট্য লেখ। ২
গ. উক্ত জমিতে শেষ চাষের সময় কোন সার কী পরিমাণে লাগবে তা নির্ণয় কর। ৩
ঘ. কৃষি কর্মকর্তা আজাদ সাহেবকে কী ধরনের পরামর্শ দিয়ে থাকবেন- বিশ্লেষণ কর। ৪

2 bsc

ক বীজ বপন বা চারা রোপণের পর থেকে ফসল সংগ্রহ পর্যন্ত যেসব পরিচর্যা করা হয়, তাকে আন্তঃপরিচর্যা বলে।

খ লালশাকের অনেক জাত রয়েছে। তবে উন্নত দুটি জাত হলো- আলতাপাটি এবং বারি লালশাক-১। আলতাপাটি জাতটির পাতা ও কাণ্ড সিঁদুর লাল। এ শাকের ফুল লাল এবং বীজ গোলাকার।

গ আজাদ সাহেব ৪ শতক জমিতে লালশাক চাষ করেছেন। লালশাকের জন্য শেষ চাষের সময় প্রতি শতক জমিতে গোবর সার ৪০ কেজি, ৪০০ গ্রাম ইউরিয়া, ৩০০ গ্রাম টিএসপি এবং ২৫০ গ্রাম এমওপি সার প্রয়োগ করতে হবে। তাহলে ৪ শতক জমির জন্য যে পরিমাণ সার লাগবে তা নিচে নির্ণয় করা হলো :

সারের নাম	প্রতি/শতকে	৪ শতক
গোবর	৪০ কেজি	$৪০ \text{ কেজি} \times ৪$
ইউরিয়া	৪০০ গ্রাম	$৪০০ \text{ গ্রাম} \times ৪ = ১৬০০ \text{ গ্রাম}$ বা ১ কেজি ৬০০ গ্রাম
টিএসপি	৩০০ গ্রাম	$৩০০ \text{ গ্রাম} \times ৪ = ১২০০ \text{ গ্রাম}$ বা ১ কেজি ২০০ গ্রাম

সারের নাম	প্রতি/শতকে	৪ শতক
এমওপি	২৫০ গ্রাম	২৫০ গ্রাম × ৪ = ১০০০ গ্রাম বা ১ কেজি

ঘ কৃষি কর্মকর্তা আজাদ সাহেবকে জমিতে উপযুক্ত সার পর্যাপ্ত পরিমাণে ব্যবহারের পরামর্শ দেন। সারের মাধ্যমে আমরা ফসলের পুষ্টি উপাদান সরবরাহ করে থাকি। আমাদের স্বাস্থ্যের জন্য যেমন সুস্বাদু খাদ্যের প্রয়োজন, তেমনি প্রয়োজন ফসলেরও। ফসলের প্রয়োজনীয় সকল পুষ্টি উপাদান সঠিক মাত্রায় প্রদান করতে হবে, তা না হলে ফসল প্রয়োজনীয় পুষ্টির অভাবে শারীরবৃত্তীয় কার্যাবলি সম্পন্ন করতে পারবে না। ফলে ফলন ব্যাহত হবে। একই জমিতে বারবার ফসল ফলানোর ফলে জমিতে নাইট্রোজেন, ফসফরাস ও পটাসিয়ামের ঘাটতি পরিলক্ষিত হয়। এগুলো সারের মাধ্যমে জমিতে প্রয়োগ করতে হয়। উক্ত উপাদান পাওয়া যায় যথাক্রমে ইউরিয়া, টিএসপি ও এমওপি থেকে। এ সারগুলো ব্যবহারের একটি মাত্রা আছে। বেশি বা কম মাত্রায় ব্যবহারে ফসলের জন্য ক্ষতির কারণ হয়। তাই সঠিক পরিমাণে এবং সঠিক নিয়মে সার প্রয়োগ করতে হবে। ইউরিয়া সার চারা গজানোর ৭ দিন পর শতক প্রতি ৪০০ গ্রাম উপরি প্রয়োগ করতে হয়। কৃষি কর্মকর্তা আজাদ সাহেবকে উপরিউক্ত পরামর্শ দিয়ে থাকবেন।

প্রশ্ন- ৩ মরিচের বীজতলা তৈরি ও সার প্রয়োগ



[বগুড়া জিলা স্কুল]

- উদ্যান অর্থ কী? ১
- মরিচের জাতগুলো উল্লেখ কর। ২
- চিত্রে প্রদর্শিত ফসলটি চাষের জন্য বীজতলা কীভাবে তৈরি করবে? ৩
- চিত্রে প্রদর্শিত ফসলটি চাষে কীভাবে সার প্রয়োগ করতে হয় আলোচনা কর। ৪

3 bsc

ক উদ্যান অর্থ বাগান।

খ বাংলাদেশের বিভিন্ন এলাকায় মরিচের অনেক জাত ছড়িয়ে রয়েছে। যেমন : বিন্দু, চলিচশা, ধানী, উবদা, চট্টগ্রাম, কুমিলচা, বগুড়া ইত্যাদি। এছাড়া বাংলা লঙ্কা (বারি মরিচ-১) নামে অনুমোদিত জাতটি সারা বছর চাষ করা যায়।

গ চিত্রে প্রদর্শিত ফসলটি হচ্ছে মরিচ। চিত্র 'A' হচ্ছে ঝাল মরিচ এবং চিত্র 'B' হচ্ছে কেপসিকাম মরিচ। মরিচ চাষে বীজতলা তৈরি খুবই গুরুত্বপূর্ণ। সাধারণত রবি মৌসুমে সরাসরি মূল জমিতে বীজ বপন এবং খরিপ মৌসুমে প্রথমে বীজতলায় চারা তৈরি করে পরে মূল জমিতে রোপণ করা হয়। বীজতলার আকার ৩ মিটার × ১ মিটার (দৈর্ঘ্য × প্রস্থ) রাখা হয় এবং ১৫ সে. মি. উঁচু করা হয়। বীজতলার উপরের মাটি


১ : ১ : ১ অনুপাতে বালি, মাটি ও গোবর সার মিশিয়ে ঝুরঝুরে করে নিতে হয়। শোধানকৃত বীজ ৫ সেমি দূরে দূরে সারি করে ২-৩ সে. মি. গভীরে বপন করতে হয়। বীজকে পিঁপড়ার হাত থেকে রক্ষার জন্য বীজতলার চারধারে সেভিন ডাস্ট ছিটিয়ে দিতে হয়।

ঘ উদ্দীপকে প্রদর্শিত ফসলটি মসলা জাতীয় উদ্যান ফসল মরিচ। চিত্র-A ঝাল মরিচ এবং চিত্র-B কেপসিকাম মরিচ। ভালো ফসল ফলাতে অন্যান্য ফসলের মতো মরিচের জমিতে সার প্রয়োগ ও আন্তঃপরিচর্যা খুবই গুরুত্বপূর্ণ।

সার প্রয়োগ : ৪-৬টি চাষ ও মই দিয়ে জমি ভালোভাবে তৈরি করতে হবে। শেষ চাষের সময় শতক প্রতি ৪০ কেজি গোবর সার, ১২০০ গ্রাম টিএসপি, ৫৪০ গ্রাম এমওপি, ৪৪০ গ্রাম জিপসাম সার মাটির সাথে মিশিয়ে দিতে হবে। ইউরিয়া ও এমওপি সার চারা রোপণের ২০, ৪০ ও ৬০ দিন পর ৩ বার উপরি প্রয়োগ করতে হবে। প্রতিবার শতক প্রতি ২৮০ গ্রাম ইউরিয়া সার গাছের গোড়া থেকে ১০-১৫ সেমি দূরে ছিটিয়ে মাটির সাথে মিশিয়ে দিতে হবে।

প্রশ্ন- ৪

গৃহপালিত পশুর বৈশিষ্ট্য



- বণ্যাক বেঙ্গল ছাগল কী? ১
- দেশি জাতের চেয়ে উন্নত জাতের গাভি পালন লাভজনক কেন? ২
- প্রদর্শিত চিত্র-A ও চিত্র-B-এ প্রাণীগুলোর মধ্যে পার্থক্য নির্ণয় কর। ৩
- প্রদর্শিত চিত্র-A ও চিত্র-B-এর প্রাণীগুলো গৃহপালিত কিনা- আলোচনা কর। ৪

4 bsc

ক বাংলাদেশের সর্বত্র কালো রঙের যে ছাগল পালন করা হয় তাকে বণ্যাক বেঙ্গল ছাগল বলা হয়।

খ আমাদের দেশি গাভি দৈনিক গড়ে ১ লিটার দুধ দেয়। কিন্তু বিদেশি উন্নত জাতের গাভি দৈনিক ১৫-২০ লিটার দুধ দেয়। এজন্য দেশি জাতের চেয়ে উন্নত জাতের গাভি পালন লাভজনক।

গ প্রদর্শিত চিত্র-A ও চিত্র-B তে যথাক্রমে গরুর বিভক্ত খুর ও ঘোড়ার অবিভক্ত খুর দেখানো হয়েছে। এই প্রাণী দুটির মধ্যে উল্লেখযোগ্য পার্থক্য রয়েছে। খুর বিভক্ত প্রাণীগুলো জাবর কাটে। এজন্য এদের জাবরকাটা প্রাণী বলে। এদের পাকস্থলি ৪টি প্রকোষ্ঠে বিভক্ত। এরা ঘাস, লতাপাতা ইত্যাদি ভালোভাবে না চিবিয়ে প্রথমে গিলে ফেলে এবং ক্ষুধা মেটানোর জন্য চাহিদা মোতাবেক যতটা সম্ভব তাড়াতাড়ি খেতে চেষ্টা করে। এদের শিং থাকে, এরা বসে ঘুমায় এবং দ্রুত দৌড়াতে পারে না।

অন্যদিকে, ঘোড়ার খুর অবিভক্ত। এ ধরনের প্রাণীগুলো জাবর কাটে না। এদের পাকস্থলিতে একটি মাত্র প্রকোষ্ঠ থাকে। এদের শিং নেই। ঘোড়া দাঁড়িয়ে ঘুমায়। এরা দ্রুত দৌড়াতে পারে।

ঘ প্রদর্শিত চিত্র-A ও চিত্র - B এর প্রাণীগুলো গৃহপালিত। চিত্রে গরু ও ঘোড়ার খুর দেখানো হয়েছে। ভিন্ন ভিন্ন আচরণ ও বৈশিষ্ট্য থাকলেও কতকগুলো সাধারণ বৈশিষ্ট্য রয়েছে। এসব বৈশিষ্ট্যই প্রমাণ করে যে, গরু ও ঘোড়া গৃহপালিত প্রাণী। নিচে বৈশিষ্ট্যগুলো উল্লেখ করা হলো :

১. গৃহপালিত পশু সহজে পোষ মানে।
২. বাড়ির পরিবেশের সাথে মানিয়ে নিতে পারে।
৩. গৃহপালিত পশু তার পালনকারীদের সহজে চেনে।
৪. এরা মানুষের সান্নিধ্য পছন্দ করে।
৫. এরা বাড়ির মানুষের আচরণে সাড়া দেয়।
৬. এরা বাড়িতে বাচ্চা প্রসব করে।
৭. এরা স্তন্যপায়ী হয়ে থাকে।

উপরিউক্ত বৈশিষ্ট্যগুলো আমরা গরু ও ঘোড়ার মধ্যে দেখতে পাই। কাজেই এরা গৃহপালিত প্রাণী।

প্রশ্ন- ৫ >> কবুতরের পালন পদ্ধতি

অরণ্য ছোটবেলা থেকেই কবুতর পোষে। সে সকালে ঘুম থেকে উঠে কবুতরগুলোকে বাসা থেকে ছেড়ে দেয়। এগুলো মাঝেমধ্যে বাড়ি এসে বিশ্রাম নিয়ে চলে যায়। তবে সন্ধ্যার আগেই কবুতরগুলো তাদের নির্ধারিত ঘরে ফিরে আসে।

- ক. মাংস উৎপাদনের জন্য কোন কবুতর বিশ্ববিখ্যাত? ১
- খ. হাঁসের গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যগুলো লেখ। ২
- গ. উদ্দীপকে উল্লিখিত পদ্ধতির কবুতর পালন বর্ণনা কর। ৩
- ঘ. কবুতরের খাদ্য ব্যবস্থাপনা পদ্ধতি আলোচনা কর। ৪

5 bsc@ta@E@E @

ক কবুতরের মাংস উৎপাদনের জন্য হোয়াইট কিং, সিলভার কিং, কারনাউ ও হোমার বিশ্ববিখ্যাত।

খ হাঁসকে জলজ পাখি বলা হয়। এদের গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যগুলো নিম্নরূপ-

১. এরা নিজেদের মধ্যে ঠোকরা-ঠুকরি করে না,
২. হাঁসের পায়ের আঙুল পর্দা দ্বারা যুক্ত,
৩. এরা সহজে পানিতে সাঁতার কাটতে পারে,
৪. হাঁসের ডিমে তা দেবার অভ্যাস কম।

গ উদ্দীপকে উল্লিখিত পদ্ধতি হলো মুক্তভাবে কবুতর পালন।

এ পদ্ধতিতে সকালে কবুতরকে বাসা থেকে ছেড়ে দেওয়া হয়। দিনের বেলায় খাদ্যের খোঁজে এরা বিভিন্ন জায়গায় উড়ে যায়। এ অবস্থায় কবুতর সাধারণত পরিমাণমতো খাবার পায় না। তাই, মুক্ত পদ্ধতিতে পালন করা কবুতরকে বাড়িতে নিয়মিত কিছু খাবার সরবরাহ করলে ভালো বাচ্চা পাওয়া যায়। কবুতর পালনের ক্ষেত্রে লক্ষণীয় যে, খড়কুটা টেনে বাসায়

তোলা, ডিম পাড়া এবং ডিমে তা দেওয়ার সময় এদের বিরক্ত করা যাবে না।

ঘ কবুতরের খাদ্য ব্যবস্থাপনা পদ্ধতি দুই ধরনের হয়। যথা : বাচ্চা কবুতরের খাদ্য ব্যবস্থাপনা এবং বয়স্ক কবুতরের খাদ্য ব্যবস্থাপনা।

বাচ্চা কবুতরের খাদ্য ব্যবস্থাপনা : স্ত্রী ও পুরুষ কবুতর উভয়েই পাল্যক্রমে বাচ্চাকে খাওয়ায়। এরা বাচ্চার মুখের ভেতর ঠোঁটে ঠোঁট মিলিয়ে আদরের সাথে নিজে খাদ্য থলির রসমিশ্রিত নরম খাদ্য বাচ্চার মুখের ভেতর দেয়। এ রসমিশ্রিত নরম খাদ্য অত্যন্ত পুষ্টিকর হওয়ায় তা খেয়ে বাচ্চা দ্রুত বেড়ে উঠে। ২৮ দিন পরে এদের পাখার পালক গজায় এবং এরা ঠোঁট দিয়ে তুলে খেতে পারে।

বয়স্ক কবুতরের খাদ্য ব্যবস্থাপনা : কবুতর ধান, গম, ভুট্টা, মটর, খেসারি, সরিষা, মাসকলাই ইত্যাদি শস্যাদান খেতে পছন্দ করে। মুরগির জন্য তৈরি সুস্বাদু খাবারও কবুতরকে খাওয়ানো যায়। কবুতরকে বিনুকের খোসাচূর্ণ, চুনাপাথর, কাঠ কয়লা চূর্ণ, লবণ ইত্যাদি একত্রে মিশিয়ে খেতে দিতে হয়। এতে তাদের খনিজ লবণের অভাব পূরণ হয়।

প্রশ্ন- ৬ >> পশু পাখির খাদ্য ব্যবস্থাপনা

জাহিদ ও রায়হান দুই ভাই। দুজনই শিক্ষিত বেকার। অনেক চেষ্টা করেও তারা চাকরি জোটাতে পারেনি। কিছুদিন আগে তাদের বাবা অনেক জমি রেখে মারা যান। এমতাবস্থায় জাহিদ পেশা হিসেবে কৃষিকে এবং রায়হান ব্যবসাকে বেছে নেয়। জাহিদ তার জমিতে বিভিন্ন দানাদার খাদ্য জাতীয় ফসল উৎপাদন করে। রায়হান পাট, তুলা ও রেশমের ব্যবসা শুরু করে।

[সরকারি জুবিলী উচ্চ বিদ্যালয়, সুনামগঞ্জ; ভি.জে. সরকারি উচ্চ বিদ্যালয়, চুয়াডাঙ্গা]

- ক. আমলকী থেকে আমরা কী পাই? ১
- খ. বাংলাদেশের অর্থনীতিতে উদ্যান ফসলের গুরুত্ব ব্যাখ্যা কর। ২
- গ. আমাদের বস্ত্রশিল্পে রায়হানের ব্যবসার দ্রব্যগুলো কীভাবে সহায়তা করছে? বর্ণনা কর। ৩
- ঘ. পশুপাখি পালন ও মৎস্য চাষে জাহিদের উৎপাদিত ফসলগুলো যথেষ্ট ভূমিকা রাখছে- বিশ্লেষণ কর। ৪

6 bsc@ta@E@E @

ক আমলকী থেকে আমরা ঔষধ পাই।

খ বাংলাদেশের অর্থনীতিতে উদ্যান ফসলের যথেষ্ট গুরুত্ব রয়েছে। পরিবারের খাদ্য ও পুষ্টির চাহিদা মেটানোর পর বাড়তি উদ্যান ফসল বিক্রি করে পরিবারের আয় বাড়ানো যায়। এছাড়া উদ্যান ফসল উৎপাদন থেকে বাজারজাতকরণ পর্যন্ত প্রতিটি স্তরেই অধিক শ্রমের প্রয়োজন হয়। এতে করে সারা বছর শত শত মানুষের কাজের সুযোগ সৃষ্টি হয়। আবার উদ্যান ফসলকে কেন্দ্র করে গড়ে ওঠা শিল্প কারখানাগুলোতেও মানুষের কর্মসংস্থানের সুযোগ তৈরি হয়েছে।

গ রায়হানের ব্যবসার দ্রব্যগুলো হচ্ছে পাট, তুলা ও রেশম। এই দ্রব্যগুলো আমাদের বস্ত্রশিল্পে যেভাবে সহায়তা করছে তা নিচে বর্ণনা করা হলো :

পাট, তুলা ও রেশম থেকে আমরা আঁশ পাই, যা সুতা তৈরির প্রধান কাঁচামাল হিসেবে ব্যবহৃত হয়। আর বস্ত্রশিল্প মূলত সুতা বা তন্তুর ওপর নির্ভরশীল। সুতার উৎপাদন যত বেশি হয় বস্ত্রশিল্পও তত উন্নত হয়। সেখানে হাজার হাজার মানুষের কর্মসংস্থানের সুযোগ তৈরি হয়। বস্ত্রশিল্পে উৎপাদিত বস্ত্র আমাদের বস্ত্রের চাহিদা পূরণ করছে। এছাড়া পোশাক শিল্প প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করছে। কাজেই বলা যায় রায়হানের ব্যবসার দ্রব্যগুলো অর্থাৎ পাট, তুলা ও রেশম আমাদের বস্ত্রশিল্পকে টিকিয়ে রেখেছে এবং উন্নত করেছে।

ঘ জাহিদের উৎপাদিত ফসলগুলো হচ্ছে দানাজাতীয় ফসল। আর দানাজাতীয় ফসল পশুপাখি পালন ও মৎস্য চাষে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

আমাদের ডিম, দুধ ও মাংসের চাহিদা পূরণের জন্য গরু, মহিষ ও হাঁস মুরগির খামার গড়ে উঠেছে। এসব খামারে প্রতিদিন প্রচুর পরিমাণে দানাজাতীয় খাদ্য সরবরাহ করা হচ্ছে। আর এসব খাদ্য উৎপাদিত হচ্ছে কৃষি থেকে। তাছাড়া মাছ চাষের ক্ষেত্রে কৃত্রিম খাদ্য সরবরাহ করতে হয়। এসব কৃত্রিম খাদ্য কৃষিতে উৎপাদিত দানা জাতীয় ফসল থেকেই উৎপাদিত হয়।

উপরিউক্ত আলোচনায় দেখা যাচ্ছে যে, পশুপাখি পালন ও মৎস্য চাষ কৃষিজ দানাজাতীয় ফসলের ওপর নির্ভরশীল। এসব ফসল উৎপাদিত না হলে পশুপাখি পালন ও মৎস্য চাষ হ্রাস পাবে। সুতরাং বলা যায় জাহিদের উৎপাদিত ফসলগুলো অর্থাৎ দানাজাতীয় ফসল পশুপাখি পালন ও মৎস্য চাষে যথেষ্ট ভূমিকা রাখছে।

প্রশ্ন- ৭ ▶▶ টমেটোর রোগ ও পোকা দমন



- | | | |
|---|-----------|-----------|
| চিত্র : A | চিত্র : B | চিত্র : C |
| ক. জাতভেদে টমেটোর জীবনকাল কত দিন? | ১ | |
| খ. ড্যাম্পিং অফ রোগের লক্ষণ লেখ। | ২ | |
| গ. চিত্র 'A' তে ফসলটি যে রোগে আক্রান্ত হয়েছে কীভাবে তার প্রতিকার করবে? | ৩ | |
| ঘ. চিত্র 'B' ও চিত্র 'C'-এর মধ্যে কোনো সম্পর্ক আছে কি? মতামত দাও। | ৪ | |

7 bsc

ক জাতভেদে টমেটোর জীবনকাল ১২০-১৫০ দিন।

খ ড্যাম্পিং অফ রোগ টমেটো গাছের ছত্রাকজনিত রোগ। এ রোগে চারার গোড়ায় পানি ভেজা দাগ পড়ে ও পচে যায়, অনেক সময় শিকড় পচেও চারা মারা যায়।

গ চিত্র-A তে টমেটোর চলে পড়া রোগ দেখানো হয়েছে। এটি ব্যাক্টেরিয়াজনিত রোগ। এ রোগে গাছ যেকোনো সময় চলে পড়ে ও দ্রুত মারা যায়।

আক্রান্ত গাছের কাণ্ডে দুই আঙুল দিয়ে চাপ দিলে নরম অনুভূতি হয়। এটি টমেটো গাছের মারাত্মক ক্ষতি করে। এ রোগ প্রতিকারের জন্য আক্রান্ত গাছ দেখামাত্র তা তুলে পুড়িয়ে ফেলতে হবে। রোগ প্রতিরোধী জাতের গাছ চাষ করা জরুরি। যেমন : মানিক ও রতন জাতের টমেটো চাষ। আক্রান্ত জমির মাটি শোধন করে পরবর্তীতে চারা লাগানো উচিত।

ঘ চিত্র-B ও চিত্র-C তে যথাক্রমে টমেটোর হলুদ পাতা কুঁকড়ানো রোগ এবং সাদা মাছি দেখানো হয়েছে। সাদা মাছি হলুদ পাতা কুঁকড়ানো রোগের বিস্তারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তাই এই পতঙ্গ ও রোগের মধ্যে গভীর সম্পর্ক রয়েছে।

টমেটোর হলুদ পাতা কুঁকড়ানো রোগ একটি ভাইরাসজনিত রোগ। এ রোগে পাতা কিনারা থেকে মধ্যশিরার দিকে গুটিয়ে যায়। পাতা খসখসে হয়ে শিরাগুলো স্বচ্ছ হলুদ হয়ে কুঁকড়িয়ে যায়। আক্রান্ত গাছের ডগায় ছোট ছোট পাতা গুচ্ছ আকার ধারণ করে। সাদা মাছি যখন আক্রান্ত গাছে বসে রস খায় তখন ভাইরাস রসের সঙ্গে মাছির দেহে প্রবেশ করে। সুস্থ গাছে বসলে ভাইরাস উক্ত গাছে স্থানান্তর হয়। সাদা মাছি পোকা হলুদ পাতা কুঁকড়ানো রোগের ভাইরাস দ্রুত বিস্তার ঘটায়।

উপরিউক্ত আলোচনায় দেখা যাচ্ছে, সাদা মাছি পোকা টমেটোর হলুদ পাতা কুঁকড়ানো রোগের বিস্তার ঘটাতে সাহায্য করে।

প্রশ্ন- ৮ ▶▶ মরিচের রোগ ও পোকা মাকড় দমন



- | | |
|--|--------|
| মঁ : A | মঁ : B |
| ক. কাঁচা মরিচ পরিপকু হতে কত দিন সময় লাগে? | ১ |
| খ. মরিচ উঁচু জায়গায় চাষ করা হয় কেন? | ২ |
| গ. প্রদর্শিত চিত্র 'A'-তে ফসলটি যে রোগে আক্রান্ত হয়েছে তা কীভাবে সমাধান করবে? | ৩ |
| ঘ. প্রদর্শিত চিত্র 'B'-এর পোকাসহ অন্যান্য পোকা ফসলে যাতে ক্ষতি করতে না পারে তার জন্য তুমি কী পদক্ষেপ নিবে? | ৪ |

8 bsc

ক কাঁচা মরিচ পরিপকু হতে ২৫-৩০ দিন সময় লাগে।


খ পানি নিষ্কাশনের সুবিধায়ুক্ত বেলে-দোআঁশ থেকে ঐটেল-দোআঁশ মাটিতে মরিচ ভালো হয়। তবে জৈব পদার্থসমৃদ্ধ দোআঁশ বা পলি-দোআঁশ মাটি মরিচ চাষের জন্য উত্তম। মরিচ গাছ জলাবদ্ধতা সহ্য করতে পারে না। জমিতে জলাবদ্ধতার সৃষ্টি হলে মরিচ গাছ মারা যায়। এ কারণে মরিচ উঁচু জায়গায় চাষ করা হয়।

গ চিত্র 'A' তে মরিচের এক ধরনের রোগ দেখানো হয়েছে। এটি ডাইব্যাক রোগ নামে পরিচিত। এই রোগে আক্রান্ত মরিচ গাছ আগা থেকে গোড়ার দিকে ক্রমান্বয়ে শুকিয়ে মারা যায়। এ রোগ দমনের জন্য ১ গ্রাম ব্যাভিস্টিন ১ লিটার পানিতে মিশিয়ে ১৫ দিন অন্তর ২-৩ বার স্প্রে করতে হবে। রোগ যাতে না হয় সেজন্য অন্য কিছু পদক্ষেপও নিতে হবে। যথা : আক্রান্ত ডগা, কাণ্ড ও মরিচ সংগ্রহ করে নষ্ট করা। সুস্থ গাছ থেকে বীজ সংগ্রহ করে বীজ বপন করা। আশপাশে ধুতরা জাতীয় আগাছা নষ্ট করা ইত্যাদি।

ঘ চিত্র- 'B' তে জাবপোকা দ্বারা আক্রান্ত মরিচের পাতা দেখানো হয়েছে। জাবপোকা, ত্রিপস পোকাগুলো গাছের পাতার রস চুষে খায়। মরিচ গাছে এ ধরনের ক্ষুদে মাকড়ের আক্রমণে চারা গাছের পাতা কুঁকড়িয়ে যায়। ত্রিপস ও জাবপোকা দমনে ম্যালাথিয়ন ৫০ ইসি ১ মিলি প্রতি লিটার পানিতে মিশিয়ে স্প্রে করলে ভালো ফল পাওয়া যায়। ক্ষুদে মাকড় দমনে প্রতি লিটার পানিতে ২ গ্রাম থিওভিট মিশিয়ে ১০ দিন পরপর স্প্রে করতে হবে।

প্রশ্ন- ৯

বাংলাদেশের চাষযোগ্য মাছ



- ক. চাষযোগ্য মাছ কাকে বলে? ১
খ. সিলভার কার্প মাছের বৈশিষ্ট্য লেখ। ২
গ. চিত্র-A ও চিত্র-B-এর মধ্যে তুলনা কর। ৩
ঘ. বছরে ৫ মাস পানি থাকে এমন একটি পুকুরে চিত্রে প্রদর্শিত কোন মাছটি চাষ করবে- বিশেষত্ব লক্ষ্য কর। ৪

9 bsc

ক যেসব মাছের পোনা সহজলভ্য, বদ্ধ জলাশয়ে তাড়াতাড়ি বাড়ে, বাজারে চাহিদা ও ভালো দাম রয়েছে, পুষ্টিমান ভালো ও খেতে সুস্বাদু সেসব মাছকে চাষযোগ্য মাছ বলে।

খ সিলভার কার্প চীন ও রাশিয়ার নদীর মাছ। এদের মাথা ছোট, দেহের মাঝের অংশ চওড়া, সামনের ও পেছনের দিক সরু। আঁশ খুব ছোট। দেহের রং চকচকে রূপালি। এদের মুখ কাতলা মাছের মতো উপরের দিকে বাঁকানো। এদেশের চাষযোগ্য মাছের সাথে পুকুরে চাষ করা যায়।

গ চিত্র-A ও চিত্র-B তে যথাক্রমে রুই মাছ ও কাতলা মাছ দেখানো হয়েছে। রুই, কাতলা উভয়ই দেশি চাষযোগ্য মাছ। বাজারে এদের প্রচুর চাহিদা রয়েছে এবং এদের মধ্যে উল্লেখযোগ্য পার্থক্য লক্ষ করা যায়।

রুই মাছের দেহ লম্বা আকৃতির। মাথা তুলনামূলকভাবে ছোট। ঠোঁট ফোলা ও ঠোঁটের কিনারায় অনেক সূক্ষ্ম খাঁজ আছে। পিঠের দিক কিছুটা বাদামি। পেটের দিক হালকা সোনালি। বছরে ১ কেজি ওজনের হয়ে থাকে। অন্যদিকে, কাতলা মাছের মাথা বড়, দেহ চওড়া ও একটু চ্যাপটা। পিঠ উঁচু, মুখ উপরের দিকে বাঁকানো। এ মাছ বেশ তাড়াতাড়ি বাড়ে। ঠিকমতো খাবার পেলে দুই বছরে ৪-৫ কেজি পর্যন্ত ওজন হয়।

ঘ বছরে ৫ মাস পানি থাকে এমন একটি পুকুরে C-চিত্রে প্রদর্শিত তেলাপিয়া মাছটি চাষ করব।

প্রদর্শিত চিত্র-A, চিত্র-B ও চিত্র-C হচ্ছে যথাক্রমে রুই, কাতলা ও তেলাপিয়া। রুই, কাতলা সেসব পুকুরে চাষ করা হয় যেসব পুকুরে সারা বছর একটি নির্দিষ্ট গভীরতা পর্যন্ত পানি থাকে। এদের বড় হতে বছর খানেক সময় লাগে। তেলাপিয়া ৩-৪ মাসের মধ্যে খাবার উপযোগী হয়। থাইল্যান্ড থেকে আনা তেলাপিয়া বেশ খাটো এবং তুলনামূলকভাবে চওড়া আকৃতির। দেহ চ্যাপটা, রং ধূসর-নীলাভ। এরা দ্রুত বর্ধনশীল ও খেতে সুস্বাদু।

উপরের আলোচনা হতে দেখা যায়, পুকুরটিতে বছরে ৫ মাস পানি থাকে বলে তেলাপিয়া চাষ করাটাই যুক্তিযুক্ত হবে।

প্রশ্ন-১০

বাংলাদেশের চাষযোগ্য মাছ

সালেহা বেগম তার পরিবারের পুষ্টির চাহিদা পূরণ এবং বাড়তি আয়ের লক্ষ্যে বাড়ির পাশের পুকুরটি পরিষ্কার করে তাতে থাইল্যান্ড থেকে আনা ধূসর-নীলাভ রঙের মাছ চাষ করেন। সঠিক উপায়ে মাছ চাষ করায় মাছের উৎপাদন ভালো হলো, পরিবারের পুষ্টির চাহিদা পূরণ হলো এবং অতিরিক্ত মাছ বিক্রি করে বাড়তি আয়ও হলো।

- ক. পুকুরে চাষযোগ্য একটি বিদেশি মাছের নাম লেখ। ১
খ. সব মাছ পুকুরে চাষ করা যায় না কেন? ২
গ. সালেহা বেগমের উক্ত মাছটি চাষের জন্য বাছাই করার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের প্রেক্ষাপটে সালেহা বেগমের উদ্যোগটি বিশেষত্ব লক্ষ্য কর। ৪

10 bsc

ক সিলভার কার্প পুকুরে চাষযোগ্য একটি বিদেশি মাছ।

খ বাংলাদেশের বিভিন্ন ধরনের জলাশয়ে বিভিন্ন রকমের মাছ পাওয়া যায়। কিন্তু সব মাছ পুকুরে চাষ করা যায় না। ওইসব মাছই পুকুরে চাষ করা যায় যেগুলোর পোনা সহজলভ্য, পুকুরের বদ্ধ পরিবেশে তাড়াতাড়ি বাড়ে, বাজারে চাহিদা ও ভালো দাম রয়েছে। পুষ্টিমান ভালো ও খেতে সুস্বাদু, পুকুরের প্রাকৃতিক খাবার ও বাইরে থেকে দেয়া সম্পূরক খাবার হজম করতে পারে। কোনো মাছে উপরিউক্ত এক বা একাধিক বৈশিষ্ট্যের অভাব দেখা দিলে সেই মাছ চাষ করা যায় না।

গ সালেহা বেগমের চাষের জন্য বাছাই করা মাছটি থাইল্যান্ড থেকে আনা এবং মাছটি ধূসর-নীলাভ রঙের। এ থেকে বোঝা যায় মাছটি তেলাপিয়া মাছ। তেলাপিয়া বেশ খাটো এবং তুলনামূলকভাবে চওড়া আকৃতির। দেহ চ্যাপটা এবং রং ধূসর-নীলাভ। এরা দ্রুত বর্ধনশীল ও খেতে সুস্বাদু। বাজারে এ মাছের প্রচুর চাহিদা রয়েছে। পোনা সহজলভ্য। পুকুরের প্রাকৃতিক খাদ্য ও সম্পূরক খাদ্য দক্ষতার সাথে হজম করতে পারে। ৩-৪ মাসেই খাবার উপযোগী হয়।

তেলাপিয়ার উপরিউক্ত বৈশিষ্ট্যের জন্য সালেহা বেগম উক্ত মাছ চাষের জন্য বাছাই করেন।

ঘ বাংলাদেশের বর্তমান প্রেক্ষাপটে সালেহার উদ্যোগটি প্রশংসনীয় এবং প্রয়োজনীয়। বাংলাদেশ জনবহুল দেশ। এদেশের জনসংখ্যা দিন দিন বেড়েই চলেছে। নিজেদের জলাশয়ে মাছ চাষ করে পরিবারের পুষ্টি চাহিদা পূরণের পাশাপাশি অতিরিক্ত উৎপাদিত মাছ বাজারে বিক্রি করে নগদ অর্থ আয় করা যায়। আমাদের প্রতিদিনের খাবার তালিকায় আমিষের প্রধান উৎস হচ্ছে মাছ। আমাদের দৈনিক বৃদ্ধি ও রোগ প্রতিরোধের জন্য আমিষ দরকার। একজন পূর্ণবয়স্ক লোকের দৈনিক ৩৩-৬৬ গ্রাম আমিষজাতীয় খাবারের প্রয়োজন হয়। মাছে ভিটামিন 'এ' পাওয়া যায়। ভিটামিন 'এ' রাতকানা রোগ দূর করে। মাছের কাঁটায় প্রচুর ক্যালসিয়াম ও ফসফরাস পাওয়া যায় যা দেহের হাড় গঠনে সাহায্য করে। বাংলাদেশে অনেক পতিত পুকুর, ডোবা ও নালা রয়েছে যেখানে মাছ চাষ করে গ্রামের গরিব ও স্বল্প আয়ের লোকদের আর্থিক অবস্থার উন্নতি ঘটানো সম্ভব। তাই আমাদের দেশের প্রেক্ষাপটে সালেহার নেওয়া উদ্যোগটি যৌক্তিক ও প্রশংসনীয়।

■ অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

- প্রশ্ন- ১১ ▶▶** উদ্যান ফসল
- রীনা বাড়ির পাশে খোলা স্থানে একটি ফলের বাগান করল। সে বাগানে পেঁপে, কলা, লেবু, পেয়ারা গাছের চারা লাগল। যথাযথ যত্নের কারণে গাছগুলো দ্রুত বড় হয়ে উঠতে লাগল।
- ক. কোন ধরনের মাটি মরিচ চাষের জন্য উপযোগী? ১
- খ. মাছ কীভাবে আমাদের পুষ্টি চাহিদা পূরণে সহায়তা করে? ২
- গ. রীনার করা বাগানটি কোন ধরনের ফসলের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
- ঘ. রীনার করা বাগানের অর্থনৈতিক গুরুত্ব যাচাই কর। ৪

11 bsc

ক পানি নিষ্কাশনের সুবিধাযুক্ত বেলে-দোঁআশ থেকে এঁটেল-দোঁআশ মাটি মরিচ চাষের জন্য উপযোগী।

খ মাছ আমিষ জাতীয় খাদ্যের প্রধান উৎস। মাছ থেকে প্রাপ্ত আমিষ কোলেস্টেরল ও চর্বিমুক্ত। মাছ সহজলভ্য ও দামে সাশ্রয়ী। নদীমাতৃক

জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

- প্রশ্ন ১ ১** আমাদের খাদ্যশস্য ফসল কোনগুলো?
উত্তর : দানা, ডাল ও তৈল আমাদের খাদ্যশস্য ফসল।
- প্রশ্ন ২ ২** তৈল জাতীয় ফসল কোনগুলো?
উত্তর : সরিষা, সয়াবিন, তিল, সূর্যমুখী হচ্ছে তৈল জাতীয় ফসল।
- প্রশ্ন ৩ ৩** একজন ব্যক্তির দৈনিক কতটুকু শাকসবজি ও ফল খাওয়া উচিত?
উত্তর : একজন ব্যক্তির দৈনিক ৪৫০ গ্রাম শাকসবজি ও ফল খাওয়া উচিত।
- প্রশ্ন ৪ ৪** ভক্ষণযোগ্য উদ্যান ফসল সচরাচর কী অবস্থায় খাওয়া হয়?
উত্তর : ভক্ষণযোগ্য উদ্যান ফসল সচরাচর তাজা অবস্থায় খাওয়া হয়।

বাংলাদেশে মাছ প্রচুর পরিমাণে উৎপাদিত হয়। তাই মাছ আমাদের পুষ্টি চাহিদা পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

X-clusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দক্ষতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে—

- গ** রীনার করা বাগানটি উদ্যান ফসলের অন্তর্ভুক্ত- ব্যাখ্যা কর।
- ঘ** পেঁপে, কলা, লেবু, পেয়ারার অর্থনৈতিক গুরুত্ব আলোচনা কর।
- প্রশ্ন- ১২ ▶▶** হ্যাচারির পোনা সংগ্রহ মাছ, চাষে পুকুরের সর্বাধিক কার্যক্রম

নাজিম মিয়া তার এক বিধা আয়তনের একটি পুকুরে পাঙ্গাশ মাছ চাষের সিদ্ধান্ত নেন। তিনি স্থানীয় এক লোকের কাছে কিছু মাছের পোনা কিনেন। খাদ্য ও সার সঠিক পরিমাণে দিলেও মাছের উৎপাদন আশাব্যঞ্জক হয় নি। অবশ্য মাছ ধরার সময় জেলেদের জালে বেশ কয়েকটি বোয়াল মাছ ধরা পড়েছিল।

- ক. কই মাছের পেটের দিক কেমন? ১
- খ. মাছের উৎপাদন কর্মসংস্থানের উপর কীভাবে প্রভাব রাখে? ২
- গ. নাজিম মিয়া কী কী সাবধানতা নিলে পুকুরে উদ্ভূত সমস্যা হতো না? ৩
- ঘ. নাজিম মিয়ার পুকুরটিতে উল্লিখিত মাছের উৎপাদন বৃদ্ধির উপায় বিশ্লেষণ কর। ৪

12 bsc

- ক** কই মাছের পেটের দিক হালকা সোনালি।
- খ** বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধির ফলে কাজের সুযোগ কমে যাচ্ছে। এ দেশে অনেক পতিত পুকুর, ডোবা ও নালা রয়েছে যেখানে মাছ চাষ করে, মাছ ধরে বা মাছ বিক্রির মাধ্যমে কর্মসংস্থানের সৃষ্টি করা সম্ভব।

X-clusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দক্ষতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে—

- গ** পরিচিতি হ্যাচারি থেকে পোনা ক্রয়ের গুরুত্ব আলোচনা কর।
- ঘ** মাছ চাষে পুকুরের সার্বিক কার্যক্রম উপস্থাপন কর।

- প্রশ্ন ৫ ৫** উদ্যান ফসল দিয়ে কী ধরনের শিল্প গড়ে তোলা যায়?
উত্তর : উদ্যান ফসল দিয়ে ছোট ও মাঝারি শিল্প গড়ে তোলা যায়।
- প্রশ্ন ৬ ৬** আমাদের দেশে আঁশ ফসলের মধ্যে অন্যতম কোনটি?
উত্তর : আমাদের দেশে আঁশ ফসলের মধ্যে পাট অন্যতম।
- প্রশ্ন ৭ ৭** জো কী?
উত্তর : জো হচ্ছে মাটির সেই অবস্থা, যে অবস্থায় মাটিতে বীজ গজানোর মতো পর্যাপ্ত রস থাকে।
- প্রশ্ন ৮ ৮** মরিচ চারা কখন মাঠে রোপণের উপযুক্ত হয়?
উত্তর : মরিচ চারায় ৪-৫টি পাতা গজালে মাঠে রোপণের উপযুক্ত হয়।
- প্রশ্ন ৯ ৯** টমেটো চারা রোপণের কত দিন পর থেকে পাকা গুরু হয়?

উত্তর : টমেটো চারা রোপনের দুই মাস পর হতে পাকা শুরু হয়।

প্রশ্ন ১০ ৥ টমেটোর ছত্রাকজনিত একটি রোগের নাম লেখ।

উত্তর : ড্যাম্পিং অফ টমেটোর ছত্রাকজনিত একটি রোগ।

প্রশ্ন ১১ ৥ মাছ কী ধরনের সম্পদ?

উত্তর : মাছ প্রাকৃতিক সম্পদ।

প্রশ্ন ১২ ৥ স্বাদু পানি কোথায় পাওয়া যায়?

উত্তর : নদী, নালা, খাল, বিল, পুকুর, দিঘীতে স্বাদু পানি পাওয়া যায়।

প্রশ্ন ১৩ ৥ আমাদের জাতীয় মাছের নাম কী?

উত্তর : আমাদের জাতীয় মাছের নাম ইলিশ।

প্রশ্ন ১৪ ৥ থাই সরপুঁটি মাছের আরেক নাম কী?

উত্তর : থাই সরপুঁটি মাছের আরেক নাম রাজপুঁটি।

প্রশ্ন ১৫ ৥ কাঁচা মরিচ পরিপকু হতে কত দিন সময় লাগে?

উত্তর : কাঁচা মরিচ পরিপকু হতে ২৫-৩০ দিন সময় লাগে।

প্রশ্ন ১৬ ৥ গ্রীষ্মকালীন টমেটোর একটি জাতের নাম লেখ।

উত্তর : বারি টমেটো-৪ একটি গ্রীষ্মকালীন টমেটোর জাত।

প্রশ্ন ১৭ ৥ টমেটো চাষে কেমন মাটি উত্তম?

উত্তর : আলো-বাতাসযুক্ত উর্বর দোআঁশ মাটি টমেটো চাষের জন্য উত্তম।

প্রশ্ন ১৮ ৥ ইউরিয়া সার কয় কিস্তিতে প্রয়োগ করা হয়?

উত্তর : ইউরিয়া সার ৩ কিস্তিতে প্রয়োগ করা হয়।

প্রশ্ন ১৯ ৥ শীতকালে টমেটোর ফলন শতক প্রতি কত হয়?

উত্তর : শীতকালে টমেটোর ফলন শতক প্রতি ২৫০ কেজি হয়।

প্রশ্ন ২০ ৥ গ্রাসকার্পের আদি বাস কোথায়?

উত্তর : গ্রাসকার্পের আদি বাস চীন ও রাশিয়া।

প্রশ্ন ২১ ৥ সিলভার কার্পের দেহের রং কেমন?

উত্তর : সিলভার কার্পের দেহের রং চকচকে রূপালি।

প্রশ্ন ২২ ৥ বাংলাদেশে মৎস্য সম্পদের সাথে কত লোক জড়িত?

উত্তর : বাংলাদেশে প্রায় ১২ মিলিয়ন মানুষ মৎস্য সম্পদের সাথে জড়িত।

প্রশ্ন ২৩ ৥ বৈদেশিক মুদ্রা আয়ে চিংড়ির অবদান কত ভাগ?

উত্তর : বৈদেশিক মুদ্রা আয়ে চিংড়ির অবদান শতকরা প্রায় ৮৬ ভাগ।

প্রশ্ন ২৪ ৥ আমাদের দেশে পাক্কাশ কোথায় পাওয়া যায়?

উত্তর : আমাদের দেশে পাক্কাশ নদীতে পাওয়া যায়।

প্রশ্ন ২৫ ৥ জাবর কাটে এরূপ একটি গৃহপালিত পশুর নাম উল্লেখ কর।

উত্তর : গরু একটি গৃহপালিত পশু যেটি জাবর কাটে।

প্রশ্ন ২৬ ৥ রেড সিকি গাভী দৈনিক কত লিটার দুধ দেয়?

উত্তর : রেড সিকি গাভী দৈনিক ৬-১০ লিটার দুধ দেয়।

প্রশ্ন ২৭ ৥ শাহীওয়াল গাভী দৈনিক কত লিটার দুধ দেয়?

উত্তর : শাহীওয়াল গাভীও দৈনিক ৬-১০ লিটার দুধ দেয়।

প্রশ্ন ২৮ ৥ দুধের জন্য কোন জাতের ছাগল পালন করা হয়?

উত্তর : দুধের জন্য যমুনাপাড়ি বা রামছাগল পালন করা হয়।

প্রশ্ন ২৯ ৥ মুরগির পায়ে কয়টি আঙুল থাকে?

উত্তর : মুরগির পায়ে ৪টি আঙুল থাকে।

প্রশ্ন ৩০ ৥ কবুতরের ডিম থেকে বাচ্চা ফুটতে কত দিন সময় লাগে?

উত্তর : কবুতরের ডিম থেকে বাচ্চা ফুটতে ১৮ দিন সময় লাগে।

প্রশ্ন ৩১ ৥ কবুতরের বাচ্চা কত সপ্তাহে খাবার উপযোগী হয়?

উত্তর : কবুতরের বাচ্চা ৩-৪ সপ্তাহের মধ্যে খাবার উপযোগী হয়।

প্রশ্ন ৩২ ৥ কত দিন পর বাচ্চা কবুতরের শরীরে পালক গজায়?

উত্তর : ২৮ দিন পর বাচ্চা কবুতরের শরীরে পালক গজায়।

প্রশ্ন ৩৩ ৥ মুরগি কত মাস বয়সে ডিম দেয়া শুরু করে?

উত্তর : মুরগি ৫ মাস বয়সে ডিম দেয়া শুরু করে।

প্রশ্ন ৩৪ ৥ উন্নত জাতের হাঁস বছরে গড়ে কতটি ডিম পাড়ে?

উত্তর : উন্নত জাতের হাঁস বছরে গড়ে ২৫০টি ডিম পাড়ে।

প্রশ্ন ৩৫ ৥ কোন প্রাণীর পশম দিয়ে শীতবস্ত্র তৈরি করা হয়?

উত্তর : ভেড়ার পশম দিয়ে শীতবস্ত্র তৈরি করা হয়।

প্রশ্ন ৩৬ ৥ নিরাপত্তা বাহিনী দাঙ্গা দমনে কোন প্রাণী ব্যবহার করে?

উত্তর : নিরাপত্তা বাহিনী দাঙ্গা দমনে ঘোড়া ব্যবহার করে।

প্রশ্ন ৩৭ ৥ কবুতর থেকে বছরে কত জোড়া বাচ্চা পাওয়া যায়?

উত্তর : কবুতর থেকে বছরে ৭-৮ জোড়া বাচ্চা পাওয়া যায়।

■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর



প্রশ্ন ১ ৥ বর্ষার সময় লালশাক চাষে কী করতে হবে?

উত্তর : বর্ষার সময় লালশাক চাষ করতে হলে, এক মিটার চওড়া এবং ১৫ সেন্টিমিটার উঁচু বেড করে বীজ বপন করতে হবে। দুটি বেডের সাথে ৩০ সেমি সেচ নালা রাখতে হয়।

প্রশ্ন ২ ৥ মরিচ চাষে বীজতলা কীভাবে তৈরি করবে?

উত্তর : সাধারণত খরিপ মৌসুমে বীজতলায় চারা তৈরি করে পরে মূল জমিতে রোপণ করা হয়। বীজতলার আকার ৩ মিটার × ১ মিটার (দৈর্ঘ্য × প্রস্থ) রাখা হয় এবং ১৫ সেমি উঁচু করা হয়। বীজতলার উপরের মাটি ১ : ১ : ১ অনুপাতে বালি, মাটি ও গোবর সার মিশিয়ে বুঝবুঝে করে নিতে হয়।

প্রশ্ন ৩ ৥ পশুপাখি ও মাছ চাষ বাণিজ্যিকভাবে প্রসার লাভ করেছে কেন? ব্যাখ্যা কর।

উত্তর : পশুপাখি ও মাছ চাষ বাণিজ্যিকভাবে প্রসার লাভ করেছে। তার কারণ হলো-গম, ভুট্টা ও ডাল পশুপাখি ও মাছের খাদ্য হিসেবে ব্যবহৃত হয়। এছাড়া গবাদি পশুর খাদ্যের জন্য প্যারা, গিনি, নেপিয়র ও খেসারি চাষ করা হয়। ফলে বাণিজ্যিকভাবে পশুপাখি ও মাছ চাষ প্রসার লাভ করেছে।

প্রশ্ন ৪ ৥ আঁশ ফসল বৈদেশিক মুদ্রা অর্জনে সহায়তা করে- ব্যাখ্যা কর।

উত্তর : আঁশ ফসল থেকে সুতা, কাপড়, দড়ি, বস্তা, কার্পেট ইত্যাদি তৈরি হয়। আমাদের দেশে আঁশ ফসলের মধ্যে পাট অন্যতম। দেশ-বিদেশে পাট ও পাটজাত দ্রব্যের ব্যাপক চাহিদা রয়েছে। পাট ও পাটজাত দ্রব্য বিদেশে রপ্তানি করে আমরা প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করে থাকি।

প্রশ্ন ৫ ৥ ডাইব্যাক প্রতিরোধে কী ব্যবস্থা নিতে হয়?

উত্তর : মরিচ গাছ অনেক সময় আগা থেকে গোড়ার দিকে ক্রমান্বয়ে শুকিয়ে মারা যায়। একে ডাইব্যাক রোগ বলে। এ রোগ দমনের জন্য ১ গ্রাম ব্যাভিস্টিন ১ লিটার পানিতে মিশিয়ে ১৫ দিন অন্তর ২-৩ বার স্প্রে করতে হয়।

প্রশ্ন ১৬ ৥ হলুদ মৌজাইক ভাইরাস রোগ দমনে কী করা উচিত?

উত্তর : হলুদ মৌজাইক ভাইরাস রোগ দমনের জন্য আক্রান্ত গাছ দেখামাত্র তুলে পুড়িয়ে ফেলতে হবে। রোগ প্রতিরোধী জাতের মরিচ চাষ করতে হবে।

প্রশ্ন ১৭ ৥ টমেটো চাষে ইউরিয়া কীভাবে প্রয়োগ করতে হবে?

উত্তর : টমেটো চাষে ইউরিয়া সার তিন কিস্তিতে প্রয়োগ করা হয়। ইউরিয়া সার সমান ৩ কিস্তিতে চারা লাগানোর ১০ দিন, ২৫ দিন ও ৪০ দিন পর প্রয়োগ করতে হবে।

প্রশ্ন ১৮ ৥ টমেটোর জমি তৈরিতে দুই বেডের মাঝে ৩০ সেমি চওড়া নালা রাখতে হয় কেন?

উত্তর : টমেটোর জমি তৈরির সময় দুই বেডের মাঝে ৩০ সেমি চওড়া নালা রাখা হয়। এই নালা দিয়ে জমিতে পানি সেচ দেয়া হয়। আবার সেচ বা বৃষ্টির কারণে জমিতে অতিরিক্ত পানি জমলে তা ঐ নালা দিয়ে বের করে দেয়া হয়।

প্রশ্ন ১৯ ৥ ড্যাম্পিং অফ রোগের লক্ষণ লেখ।

উত্তর : ড্যাম্পিং অফ রোগের লক্ষণ নিম্নরূপ :

১. চারার গোড়ায় পানি ভেজা দাগ পড়ে।
২. গোড়া পচে যায়।
৩. অনেক সময় শিকড়ও পচে যায়।
৪. আক্রান্ত চারা মারা যায়।

প্রশ্ন ১০ ৥ মাছের বৈশিষ্ট্য লেখ।

উত্তর : মাছ মেরুদণ্ডী প্রাণী। এরা ফুলকার সাহায্যে শ্বাস নেয়। লেজ ও পাখনার সাহায্যে চলাফেরা করে। মাছের দেহ মোটা এবং মাথা ও লেজের দিক সরু। তাই এরা সহজে ও দ্রুত পানিতে চলাফেরা করতে পারে।

প্রশ্ন ১১ ৥ কাতলা মাছের বৈশিষ্ট্য লেখ।

উত্তর : কাতলা মাছের বৈশিষ্ট্য হচ্ছে-

১. মাথা বড়।
২. দেহ চওড়া ও একটু চ্যাপটা।
৩. পিঠ উঁচু।
৪. মুখ উপরের দিকে বাঁকানো।

প্রশ্ন ১২ ৥ মাছ চাষের গুরুত্ব অপরিসীম- ব্যাখ্যা কর।

উত্তর : মাছ চাষের গুরুত্ব অপরিসীম। কেননা মাছ-

১. পুষ্টির চাহিদা পূরণ করে।
২. কাজের সুযোগ সৃষ্টি করে।
৩. বৈদেশিক মুদ্রা অর্জনে ভূমিকা রাখে।
৪. সামাজিক উন্নয়নে অবদান রাখে।

প্রশ্ন ১৩ ৥ রাফুসে মাছ নিধন করা হয় কেন?

উত্তর : রাফুসে মাছ অন্য মাছকে খেয়ে ফেলে। রাফুসে মাছ থাকা অবস্থায় পুকুরে পোনা ছাড়া হলে একটি পোনাও অবশিষ্ট থাকে না। এতে শ্রম ও অর্থ দুটোরই ক্ষতি হয়। তাই মাছের পোনা ছাড়ার আগে রাফুসে মাছ নিধন করা হয়।

প্রশ্ন ১৪ ৥ কবুতরের বাসা তৈরিতে কোন বিষয়টি লক্ষ রাখতে হবে?

উত্তর : বন্য পশুপাখি যাতে কবুতরের ক্ষতি করতে না পারে সে দিকে লক্ষ রেখে বাসা তৈরি করতে হবে। কবুতরের বাসা মাটি থেকে উঁচুতে স্থাপন করতে হবে।

প্রশ্ন ১৫ ৥ কবুতরের বাচ্চা কীভাবে দ্রুত বেড়ে ওঠে?

উত্তর : স্ত্রী ও পুরুষ কবুতর উভয়ই পালাক্রমে বাচ্চাকে খাওয়ায়। এরা বাচ্চার মুখের ভেতর ঠোঁটে ঠোঁট মিলিয়ে আদরের সাথে নিজ খাদ্যখলির রসমিশ্রিত নরম খাদ্য বাচ্চার মুখের ভেতর দেয়। এ রসমিশ্রিত নরম খাদ্য অত্যন্ত পুষ্টিকর হওয়ায় তা খেয়ে বাচ্চা দ্রুত বেড়ে ওঠে।

প্রশ্ন ১৬ ৥ পুকুরে চুন প্রয়োগ করা হয় কেন?

উত্তর : পুকুরে শতক প্রতি ১-২ কেজি করে চুন গুলে সারা পুকুরে ছিটিয়ে দিতে হয়। চুন পুকুরের পানি পরিষ্কার ও রোগজীবাণু দূর করে। তাই পুকুরে চুন প্রয়োগ করা হয়।

প্রশ্ন ১৭ ৥ পোনা ছাড়ার কিছু দিন পর কিছু মাছ উঠিয়ে বিক্রি করা হয় কেন?

উত্তর : পুকুরে পোনা ছাড়ার ৪ থেকে ৫ মাস পর মাছ গড়ে ৫০০ গ্রাম ওজনের হয়। তখন কিছু মাছ উঠিয়ে বিক্রি করা হয়। এতে পুকুরের মাছের ঘনত্ব কমে যায়। ফলে পুকুরের অন্য মাছগুলো তাড়াতাড়ি বেড়ে উঠতে পারে। তখন বড় আকারের মাছগুলো বাজারজাত করলে ভালো দামও পাওয়া যায়।

প্রশ্ন ১৮ ৥ পুকুরে মাছের রোগবালাই দমনে কী করতে হয়?

উত্তর : পুকুরে মাছের রোগবালাই দমন করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এজন্য রোগবালাই দমনে গ্রীষ্ম ও বর্ষাকালের আগে পুকুরে শতক প্রতি ২৫০ গ্রাম চুন ও ২৫০ গ্রাম লবণ সপ্তাহে এক বার করে ৪-৬ সপ্তাহ দিতে হয়।

প্রশ্ন ১৯ ৥ হাঁস-মুরগি কীভাবে প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করে?

উত্তর : হাঁস-মুরগি পোকামাকড় খায়। বারোপড়া ধান শস্য খায়। এগুলো খেয়ে এরা প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করে।